

ডাকসুতে জিএস পদে লড়বেন এনসিপির যুগ্ম সদস্যসচিব

অনলাইন ডেক্স



ফাইল ছবি

‘ডিইউ ফাস্ট’ প্যানেল থেকে আসন্ন ডাকসু নির্বাচনে জিএস পদে

লড়বেন এনসিপির যুগ্ম সদস্যসচিব মাহিন সরকার। সোমবার

তাকে এ পদে প্রার্থী করে ‘ডিইউ ফাস্ট’ প্যানেল ঘোষণা করেছেন

স্বাধীন বাংলাদেশ ছাত্রসংসদের আহ্বায়ক জামালুদ্দীন মুহাম্মাদ

খালিদ।

সোমবার (১৮ আগস্ট) সন্ধ্যার দিকে বিষয়টি নিশ্চিত করেছেন

জামালুদ্দীন মুহাম্মাদ খালিদ নিজেই। এর আগে বিকেলে মনোনয়ন

ফরম সংগ্রহ করেন তারা।

এ প্যানেল থেকে সহসভাপতি (ভিপি) পদে জামালুদ্দীন মুহাম্মাদ

খালিদ, সাধারণ সম্পাদক (জিএস) পদে মো. মাহিন সরকার

লড়বেন।

এ ছাড়া সহ-সাধারণ সম্পাদক পদে (এজিএস) পদে লক্ষ্মীপুর

জেলা ছাত্রছাত্রী কল্যাণ সমিতির সভাপতি ফাতেহা শারমিন এ্যানি

প্রতিদ্বন্দ্বিতা করবেন।